গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
( দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা )
www.tangail.gov.bd

স্মারক নং-৫১.০১.৯৩০০.০০০.৪২.০৩৯.২৫-৭৯৫

তারিখ: ০৪ কার্তিক-১৪৩২ / ২০ অক্টোবর-২০২৫

বিষয় : ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদঅর্থ) কর্মসূচির আওতায় ১ম কিস্তিতে পৌরসভা ভিত্তিক প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০৭ সেপ্টেম্বর-২০২৫ তারিখের ৫১.০১.০০০০.০১২.১৪.০০৫.২৫-৮৭ নং স্মারক
২। প্রশাসক,ধনবাড়ী পৌরসভা এর স্মারক নং-ধন/পৌর/১৮৬, তারিখঃ ০৫/১০/২০২৫ খ্রিঃ।
৩। প্রশাসক, মধুপুর পৌরসভা এর স্মারক নং-মধু.পৌর/প্রকৌ.বি/২০২৫/৫৯০, তারিখঃ ২৮/০৯/২০২৫ খ্রি।
৪। প্রশাসক, ঘাটাইল পৌরসভা এর স্মারক নং-ঘাঃপৌঃ/প্রকৌঃ১০৩৮, তারিখঃ১৮/০৯/২০২৫ খ্রিঃ।
৫। প্রশাসক,কালিহাতি পৌরসভা এর স্মারক নং-কালি/পৌর/প্রশা/সাধা/২০২৫/১২৮৯, তারিখঃ ৩০/০৯/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় পৌরসভাওয়ারী সাধারণ খাতে ১ম কিস্তিতে বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত ও অনুমোদিত প্রকল্পের কাজ জরুরি ভিত্তিতে শুরু করে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে বরাদ্দ পত্রের শর্তাবলী এবং সর্বশেষ টিআর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ ও সংশোধিত নির্দেশিকা-২০২৫ যথাযথভাবে অনুসরণ পূর্বক প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত পরিমাণ অর্থ উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

এ ব্যয় ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

| ক্র:নং | পৌরসভার নাম | বরাদ্দকৃত অর্থের পরিমাণ | প্রকল্প সংখ্যা | উপ-বরাদ্দকৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ধনবাড়ী | অর্থ- ২৫,৪৫,৯৮৬.০২৭ | ১৯ (উনিশ) টি | অর্থ- ২৫,৪৫,৯৮৬.০২৭ | -- |
| ০২ | মধুপুর | অর্থ- ২৮,৯৬,৭০৪.৮৬৪ | ১২ (বারো) টি | অর্থ- ২৮,৯৬,৭০৪.৮৬৪ | |
| ০৩ | ঘাটাইল | অর্থ- ১২,৫৫,৯৭৪.১৭৯ | ০৫ (পাঁচ) টি | অর্থ- ১২,৫৫,৯৭৪.১৭৯ | |
| ০৪ | কালিহাতি | অর্থ- ১৭,৮৪,১৫৭.৭৩ | ১১ (এগারো) টি | অর্থ- ১৭,৮৪,১৫৭.৭৩ | - |
| | সর্ব মোটঃ | | ৪৭ (সাতচল্লিশ) টি | | -- |

**<u>উক্ত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ এবং নীতিমালা অনুসরণ করতে হবে:</u>**

০১। ২০২৫- ২০২৬ অর্থ বছরের পৌরসভাওয়ারী ১ম কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩১/১২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০২। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে প্রকল্পের অস্তিত্ব যাচাই-বাছাই পূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে।

০৩। ১ম কিস্তির মাষ্টাররোল সমন্বয় পূর্বক ২য় কিস্তিতে অর্থ/ খাদ্যশস্য ছাড় করতে হবে। অনুরুপ ভাবে চুড়ান্ত কিস্তির মাষ্টাররোল সমন্বয় পূর্বক এবং লেভেল বহি চুড়ান্ত পরিমাপ গ্রহণ স্বাক্ষরান্তে শেষ কিস্তির অর্থ/ খাদ্যশস্য ছাড় করতে হবে।

০৪। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান, টিআর কর্মসূচির নির্দেশিকা-২০২১ ও সংশোধিত নির্দেশিকা-২০২৫ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৫। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টি,আর কর্মসূচির নির্দেশিকার ০৪ নং অনুচ্ছেদ যথাযথ অনুসরণ করতে হবে।

০৬। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মত্তোর জরীপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতি প্রকল্প বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।

০৭। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেওয়াসহ দেশের প্রচলিত আইনবিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮। প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।

০৯। বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা)নির্বাচিত সদস্য/কাউসিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।

১০। বরাদ্দকৃত অর্থ ব্যয়ে কোন অনিয়ম বা অপচয় ঘটলে উহার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/ব্যক্তিবর্গকে বহন করতে হবে।

১১। প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে তাঁর প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলোর সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে।

১২। এ বরাদ্দের অর্থ দিয়ে বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয়/জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে এবং এ ক্ষেত্রে বে-সরকারী প্রতিষ্ঠানের ন্যায় ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত প্রকল্পের ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।

১৩। কোন প্রকল্প ভুয়া হিসাবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনতে হবে।

১৪। নিরীক্ষার জন্য প্রকল্প নথিতে প্রকল্প ছক, মাপ বহি, লেভেল বহি, বিল/ ভাউচার ও মাষ্টার-রোল তার দপ্তরের দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় সংরক্ষণ করতে হবে।

সংযুক্তি: ১. অনুমোদিত প্রকল্প তালিকা-০১ প্রস্থ।

মোঃআকতারুজ্জামান
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
টাঙ্গাইল
☏০২৯৯৭৭১৪৪৩০
drrotangail@ddm.gov.bd

উপজেলা নির্বাহী অফিসরার,
ধনবাড়ী/মধুপুর/ঘাটাইল/কালিহাতি, পৌরসভা, টাঙ্গাইল।

স্মারক নং-৫১.০১.৯৩০০.০০০.৪২.০৩৯.২৫-৭৯৫

তারিখ: ০৪ কার্তিক-১৪৩২
২০ অক্টোবর-২০২৫

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকাবিভাগ, ঢাকা।
০৪। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, খাদ্য ভবন-১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০। তাঁকে উপরোক্ত উপজেলাওয়ারী বিভাজনকৃত অর্থ আইবাস++ এ আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। প্রশাসক, ধনবাড়ী/মধুপুর/ঘাটাইল/কালিহাতি, পৌরসভা, টাঙ্গাইল।
০৭। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, টাঙ্গাইল।
০৮। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধনবাড়ী/মধুপুর/ঘাটাইল/কালিহাতি, টাঙ্গাইল।
১০। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, ধনবাড়ী/মধুপুর/ঘাটাইল/কালিহাতি, টাঙ্গাইল।
১১। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল। তাঁকে উপ-বরাদ্দ পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১২ অফিস নথি

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
টাঙ্গাইল

# কালিহাতী পৌরসভা কার্যালয়
## কালিহাতী, টাঙ্গাইল।
(প্রশাসন বিভাগ)

www.kalihatipourashava.gov.bd

বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২০২৬ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার রক্ষণাবেক্ষণ টি.আর কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ের বরাদ্দ প্রাপ্ত নগদ অর্থ স্মারক নং- ৫১.০১.৯৩০০.০০০.৪২.০৩৯.২৫-৬৮৫, তারিখঃ ২১ সেপ্টেম্বর ২০২৫খ্রি. তারিখ মূলে ১৭৮৪১৫৭.৭৩ টাকার বিপরীতে ১১ (দুই)টি প্রকল্প। উল্লেখিত প্রকল্প সমূহ এবং প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত নগদ অর্থ সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**সাধারণ উন্নয়ন খাতে প্রকল্পের তালিকা নিম্নরূপঃ**

| ক্রমিক নং | পৌরসভার নাম | প্রকল্পের নাম | বরাদ্দকৃত নগদ অর্থ |
|---|---|---|---|
| ০১ | কালিহাতী পৌরসভা | সাতুটিয়া পুরাতন রেজিষ্ট্রি অফিস জামে মসজিদ উন্নয়ন. ওয়ার্ড নং- ০৫ | ১,৫০,০০০/- |
| ০২ | কালিহাতী পৌরসভা | কালিহাতী উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার উন্নয়ন, ওয়ার্ড নং- ০১ | ১,৫০,০০০/- |
| ০৩ | কালিহাতী পৌরসভা | হরিপুর কেন্দ্রীয় ঈদ গাহ মাঠ মাটি দ্বারা ভরাট ও সোলিং,ওয়ার্ড নং- ০৭ | ১,৫০,০০০/- |
| ০৪ | কালিহাতী পৌরসভা | দঃ বেতডোবা আনসার ক্যাম্প রোড পাকা রাস্তা হতে সাবেক মেম্বার মৃত হযরত আলীর বাড়ি পর্যন্ত ইট সলিং, ওয়ার্ড নং- ০৪ | ১,৫০,০০০/- |
| ০৫ | কালিহাতী পৌরসভা | কালিহাতী ঈদগা মাঠের পূর্বপাশের রাস্তা ইটের সলিং, ওয়ার্ড নং- ০১। | ১,৫০,০০০/- |
| ০৬ | কালিহাতী পৌরসভা | সাতুটিয়া প্রাথমিক বিদ্যালয়ের পশ্চিম কোনা থেকে গফুরের বাড়ি পর্যন্ত ইটের সোলিং, ওয়ার্ড নং- ০৫ | ১,৫০,০০০/- |
| ০৭ | কালিহাতী পৌরসভা | ঝাগড়মান দক্ষিণপাড়া পাকা রাস্তা হইতে মোহনের বাড়ি হয়ে লাল মাহমুদের বাড়ি পর্যন্ত মাটি ভরাট ও ইটের সোলিং, ওয়ার্ড নং- ০৬ | ২,৯৪,১৫৭.৭৩ |
| ০৮ | কালিহাতী পৌরসভা | ফায়ার সার্ভিসের পশ্চিম পাশে পাকা রাস্তা হতে বীর মুক্তিযোদ্ধা আব্দুল বাছেদ এর বাড়ী পর্যন্ত ইটের সলিং এর রাস্তা সংস্কার, ওয়ার্ড নং- ০২ | ১,৫০,০০০/- |
| ০৯ | কালিহাতী পৌরসভা | কালিহাতী ধোপাবাড়ি দূর্গাপূজা মন্দির উন্নয়ন, ওয়ার্ড নং- ০১ | ১,২০,০০০/- |
| ১০ | কালিহাতী পৌরসভা | দারুল উলুম কালিহাতী কওমী মাদ্রাসা উন্নয়ন, ওয়ার্ড নং- ০১ | ১,২০,০০০/- |
| ১১ | কালিহাতী পৌরসভা | কালিহাতী বাসস্ট্যান্ড এলাকার বিভিন্ন স্থানে সিসি ক্যামেরা স্থাপন, ওয়ার্ড নং- ০৪ ও ০৫ | ২,০০,০০০/- |
| | | সর্বমোট = | ১৭,৮৪,১৫৭.৭৩ |

মোশাররফ হোসেন
সহকারী প্রকৌশলী
কালিহাতী পৌরসভা
কালিহাতী, টাঙ্গাইল।

২১/০৯/২০২৫
(মোঃ খায়রুল ইসলাম)
প্রশাসক
কালিহাতী পৌরসভা
কালিহাতী, টাঙ্গাইল।

অনুমোদিত



২৯/০৯/২৫
মোঃ আকতারুজ্জামান
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
টাঙ্গাইল।

২৯/১০/২৫
শরীফা হক
জেলা প্রশাসক
টাঙ্গাইল।